



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক ক্র:বি./তথ্য ও জন./প্র.বি/২০০৯/৫৩৪

তাং- ২১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি:

## প্রেস বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে নানা কর্মসূচীর আয়োজন করে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের আয়োজক কমিটি। কর্মসূচীর মধ্যে রাত ১১.০০ টায় কালো ব্যাজ ধারণ ও শোক র্যালি, ১১.১৫ টায় আলোচনা সভা, ১২.০১ টায় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও কালো পতাকা উত্তোলন এবং বাদ জুমা কেন্দ্রীয় মসজিদে শহিদদের উদ্দেশ্যে দোয়া।

রাত ১২.০১ টায় কেন্দ্রীয় শহিদ মিনারে শহিদদের উদ্দেশ্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন ও পুষ্পস্তবক অর্পণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী। এসময় উপস্থিত ছিলেন মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান, শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনে আয়োজক কমিটির আহায়ক প্রফেসর ড. মোহাম্মদ আলোয়ার হোসেন, রেজিস্ট্রার মোঃ মজিবুর রহমান মজুমদারসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। এরপর কুমিল্লা বিশ্ববিদ্যালয় আবাসিক হল, বিভাগসমূহ, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন এবং শিক্ষক-শিক্ষার্থীরা শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

আলোচনা সভায় মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী বলেন, এ জাতিই পৃথিবীতে একমাত্র জাতি যারা ভাষার জন্য রক্ত দিয়েছে। এটি আমাদের গর্বের বিষয়। যারা এ মহান দিনটিকে পাওয়ার জন্য জীবন দিয়েছে, আমি তাদের আত্মার মাগফিরাত কামনা করছি। এ মাটিতে অনেক সময় অনেক মানুষ রক্ত দিয়েছে। ভাষার জন্য রক্ত দিয়েছে, ৭১ এ রক্ত দিয়েছে, সর্বশেষে ২৪ এ জুলাই বিপ্লবে রক্ত দিয়েছে। মূল উদ্দেশ্য একটাই যে, এদেশের শাসকেরা শোষক না হয়ে জনহিতকর গভর্ন্যান্স গড়ে তুলুক। জনহিতকর সরকার গঠিত হয় না বলেই বারবার করে রক্ত ঝড়াতে হচ্ছে। এ দেশের মানুষ রক্ত দিয়ে দেখিয়ে দিয়েছে যে আমাদের এ পথে ফিরে আসতে হবে। বৈষম্যবিহীন, শোষণবিহীন সমাজ তৈরির পথে আসতে হবে। আদালত, সরকারি চাকুরি ক্ষেত্র যখন বৈষম্যমুক্ত হবে তখনই জুলাইয়ের শহিদদের আত্মা শান্তি পাবে। এজন্য আমাদের সবার ক্ষুদ্র ক্ষুদ্র দায়িত্বগুলো পালন করতে হবে। আমি আবারও ভাষা শহিদদের আত্মার মাগফিরাত কামনা করছি।

মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান বলেন, ইতিহাসের একটি বিরল অংশ ভাষার জন্য জীবন দেওয়া। প্রায় ১৬ বছর ফ্যাসিবাদের করাল খাবায় আমাদের মত প্রকাশ করতে পারি নাই। ছাত্রদের মাধ্যমে আবারও আমরা যে স্বাধীনতা পেয়েছি, ওখানে জীবন দিয়েছেন শহিদ আবদুল কাইয়ুমসহ অনেকে। আমাদের আবার নিজেকে গড়তে শপথ নিতে হবে। ৫২ এর ভাষা আন্দোলন থেকে জুলাই'২৪ পর্যন্ত যারা জীবন দিয়েছেন তারা তখন সফল হবে যখন আমরা সুন্দর বাংলাদেশ গড়তে পারবো।

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের আয়োজক কমিটির আহায়ক ড. মোহাম্মদ আলোয়ার হোসেন বলেন, 'যাদের আত্মত্যাগের কারণে মাতৃভাষা পেয়েছি তাদের সকলের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি। একইসঙ্গে যারা চব্বিশের গণঅভ্যুত্থানে প্রাণ দিয়েছে তাদেরও আত্মার দোয়া ও মাগফিরাত কামনা করছি।'

(মোহাম্মদ এমদাদুল হক)  
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি